

ঢাকা ওয়াসা

- ১। সাপাশো রক্ষণাবেক্ষণ এর ২০২৫-২৬ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। লিকেজ মেরামতের ছবি।
- ৪। আলোচ্য কাজের ক্যালকুলেশনের কপি।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Repairing and Maintenance of 250 mm Dia Transmission Water Line Leakage at Mugdha area Under SWTP(M), Dhaka WASA.

০১। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলো কন্ট্রোল করে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ এর মাধ্যমে পানির প্রেসার কন্ট্রোল করে জোন গুলোতে প্রয়োজন অনুযায়ী পানি সরবরাহ করা হচ্ছে। অতি সম্প্রতি মুগদা পেট্রোল পাম্পের এলাকায় পানির লাইনে লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হচ্ছে মর্মে এলাকাবাসী মৌখিক ভাবে অত্র অফিসে অভিযোগ করেছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অত্র বিভাগের সহকারী প্রকৌশলী এবং Maintenance Team সহ সংশ্লিষ্ট এলাকা সরোজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে মুগদা পেট্রোল পাম্পের এলাকায় e-PRV চেম্বারের পাশে বিদ্যমান ৪০০মিঃমিঃ ব্যাসের ট্রান্সমিশন লাইন বরাবর লিকেজের ফলে প্রচুর পানি বের/অপচয় হচ্ছে। লিকেজের ফলে সংশ্লিষ্ট এলাকায় জনসাধারণ এবং যানবাহনের চলাচলে অসুবিধা সহ পানির ও অপচয় হচ্ছে। যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।


০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষে PWD-2022 এর রেটসিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৯,৬৮২.৬৪ (উনপঞ্চাশ হাজার ছয়শত বিরাশি দশমিক ছয় চার) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৫-২৬ ইং অর্থবছরের রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহ করা যেতে পারে।


০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য ক্রমিক নং-১৯৭ প্যাকেজ নং-EU17 তে Emergency and unforeseen procurement হিসাবে অন্তর্ভুক্ত করা আছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান M/S. S.K Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ’ল।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Repairing and Maintenance of 250 mm Dia Transmission Water Line Leakage at Mugdha area Under SWTP(M), Dhaka WASA.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি M/S. S.K Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,৬৮২.৬৪ (উনপঞ্চাশ হাজার ছয়শত বিরাশি দশমিক ছয় চার) টাকা এর অনুমোদন।
- গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় বরাদ্ধকৃত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



শ্রীঃ মাস্তুর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


মিস্ত্রী মোশাম কিয়সিয়া
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

০৫। প্রকল্প অনুমোদিত,

০৫, ১১/১১/২০১৬


০৫/১১/২০১৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।